



আঞ্চলিক পরিচালক

আঞ্চলিক কেন্দ্র (সকল)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

বিষয় : এসএসসি পরীক্ষা-২০২০ এর ফলাফলে অকৃতকার্য শিক্ষার্থীদের পুন: পরীক্ষার ফি জমা দান প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, এসএসসি পরীক্ষা-২০২০ এর ফলাফলে যে সকল শিক্ষার্থী নির্ধারিত সময়ে অভিযোগ দাখিল ও উত্তরপত্র পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করেছে সে সকল শিক্ষার্থীদের আবেদনসমূহ যাচাই-বাছাই করে সংশোধিত ফলাফল প্রকাশ করা হয়েছে। বিস্তারিত ফলাফল exam.bou.edu.bd ওয়েব ঠিকানায় দেয়া হয়েছে।

- ২। উত্তরপত্র পুনঃনিরীক্ষণের জন্য আবেদনকারী শিক্ষার্থীগণ উক্ত ওয়েব ঠিকানায় “পুনঃনিরীক্ষণের ফলাফল” লিংকে প্রবেশ করে ফলাফল পরিবর্তন/অপরিবর্তনের বিষয়টি জানতে পারবে।
- ৩। যে সকল শিক্ষার্থীদের সংশোধিত ফলাফলে অকৃতকার্য/(F), PR, AB প্রকাশিত হয়েছে সে সকল শিক্ষার্থীদের মধ্যে যারা পুনঃপরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক তারা আগামী ০৩/০২/২০২১ তারিখ থেকে ২৫/০২/২০২১ (রাত ১১:৫৯ পর্যন্ত) তারিখ পর্যন্ত অন-লাইনে নগদ এর মাধ্যমে টাকা জমা দিয়ে এসএসসি পরীক্ষা-২০২১ এ অংশগ্রহণ করতে পারবে।
- ৪। যারা ইতোপূর্বে পুনঃপরীক্ষার আবেদন করতে পারেনি অথবা আবেদন করা সত্ত্বেও টাকা জমা দিতে পারেনি তারা আগামী ০৩/০২/২০২১ তারিখ থেকে ২৫/০২/২০২১ (রাত ১১:৫৯ পর্যন্ত) তারিখ পর্যন্ত বিলম্ব ফি সহ কোর্স প্রতি ২৫০/- টাকা অন-লাইনে নগদ এর মাধ্যমে প্রদান করে আবেদন করতে পারবে।
- ৫। উল্লিখিত ওয়েব সাইটের “পুনঃনিরীক্ষণ ও পুনঃপরীক্ষা” লিংকে গিয়ে আবেদনের ফি জমা প্রদান করতে হবে।
- ৬। উল্লেখ্য, নির্ধারিত তারিখের পরে পুনঃপরীক্ষার জন্য কোন আবেদন করা যাবে না এবং সময়ও বর্ধিত হবে না। বিষয়টি আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল উপ-আঞ্চলিক কেন্দ্র, স্টাডি সেন্টার ও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ’ল।

Signature
০২/২২

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

অনুলিপি : অবগতি ও কার্যার্থে।

- ১। ডীন, ওপেন স্কুল, বাউবি।
- ২। পরিচালক, এসএসএস বিভাগ।
- ৩। সিস্টেম ম্যানেজার/ পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবির ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ’ল)।
- ৪। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সংরক্ষণ নথি।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কম্পিউটার বিভাগ সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়	
ডায়েরী নং	২০৫
তারিখঃ	০৩/০২/২১
সিস্টেম এনালিস্ট/ওয়েব মাস্টার/প্রোগ্রামার	
সিস্টেম এনালিস্ট/সার্ভিস ওয়ার ইঞ্জিনিয়ার	
প্রশাসনিক কর্মকর্তা/সহ, প্রশাসনিক (IT/MS)	